

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
পরিচালক (ইঞ্জি:) এর কার্যালয়
বাসা নং-০৫/০৪, রোড নং-০৭
আমিরা ম্যানসন, মজিদ স্মারনি, রাধাবল্লভ
রংপুর বিভাগ, রংপুর
www.brta.rangpurdiv.gov.bd

স্মারক নম্বর-৩৫.০৩.০০০৭.০০১.৩২.১৫৬.২৪-৪৯


তারিখ: ০৬.০২.২০২৪ খ্রি.

বিষয়: জেলা ও উপজেলা সড়ক নিরাপত্তা কমিটির সভা আয়োজন নিশ্চিতকরণ প্রসঙ্গে।

সূত্র: বিআরটিএ সদর কার্যালয়ের রোড সেফটি শাখার স্মারক নং-৩৫.০০৩.০০০০.০০৮.০৩৭.০৭৬.২০-৬২, তারিখ: ০৪.০২.২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, “জেলা ও উপজেলা সড়ক নিরাপত্তা কমিটির” কার্যক্রম জোরদারকরণসহ নিয়মিত কমিটির সভা আহ্বান এবং বিগত ২০২৩ সালে জেলা ও উপজেলায় কতটি সড়ক নিরাপত্তা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে তার বিস্তারিত তথ্য (সংযুক্ত 'ছক' অনুযায়ী) আগামী ০২(দুই) কর্মদিবসের মধ্যে এ অফিসে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে 'ছক' সহ ০২(দুই) পাতা


০৬.০২.২০২৪

ত্রিনয়ন রায়

সহকারী পরিচালক (সাধারণ)
বিআরটিএ রংপুর বিভাগ, রংপুর

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- (১) সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ রংপুর সার্কেল, জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর;
- (২) সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ দিনাজপুর সার্কেল, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর;
- (৩) সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ নীলফামারী সার্কেল, জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী;
- (৪) সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ ঠাকুরগাঁও সার্কেল, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও;
- (৫) সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ পঞ্চগড় সার্কেল, জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়;
- (৬) সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ গাইবান্ধা সার্কেল, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা;
- (৭) সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ লালমনিরহাট সার্কেল, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট;
- (৮) সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ কুড়িগ্রাম সার্কেল, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- (১) পরিচালক (রোড সেফটি), বিআরটিএ সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা;
- (২) উপপরিচালক (ইঞ্জি:), বিআরটিএ রংপুর বিভাগ, রংপুর।

একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন
নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা
(রোড সেফটি শাখা)

নং-৩৫.০৩.০০০০.০০৮.০৩৭.০৭৬.২০-৬২

তারিখ: ০৪/০২/২০২৪ খ্রি:

বিষয়: জেলা ও উপজেলা সড়ক নিরাপত্তা কমিটির সভা আয়োজন নিশ্চিতকরণ প্রসঙ্গে।

সূত্র: বিআরটিএ'র স্মারক নং-৩৫.০০৩.০০০০.০০৫.৩৮৫.১৭-০৯০, তারিখ: ৩১-০১-২০২৪ খ্রি।


উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, গত ০৮-০৫-২০২৩খ্রি. তারিখে বিআরটিএ পরিচালনা পরিষদের ৬ষ্ঠ সভা বিআরটিএ'র চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার ১৭.২ নং সিদ্ধান্ত নিম্নরূপ:

“জেলা/উপজেলা সড়ক নিরাপত্তা কমিটি কার্যকর করার জন্য সড়ক নিরাপত্তা কমিটিগুলোর নিয়মিত সভা আয়োজনের বিষয়ে ক্রোচ্ছ মনিটরিং অব্যাহত রাখতে হবে।”

২। সড়কের সুষ্ঠু ব্যবস্থাপনা পরিচালনার জন্য মেট্রোপলিটন, জেলা ও উপজেলা সড়ক নিরাপত্তা কমিটি গঠন করা হয়েছে। জাতীয় সড়ক নিরাপত্তা কাউন্সিল এর সিদ্ধান্ত এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে মেট্রোপলিটন, জেলা ও উপজেলা সড়ক নিরাপত্তা কমিটির সভা নিয়মিত আহ্বান করা বাধ্যবাধকতা রয়েছে। এছাড়াও সড়ক দুর্ঘটনা রোধসহ সড়ক নিরাপত্তা বিষয়ে কার্যকর ভূমিকা রাখার জন্য ৩ (তিন) মাস অন্তর সড়ক নিরাপত্তা কমিটির সভা করে কার্যবিবরণী নিয়মিত প্রেরণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। সে হিসেবে বিগত ২০২৩ সালে মেট্রোপলিটন, জেলা ও উপজেলা সড়ক নিরাপত্তা কমিটির কতটি সভা অনুষ্ঠিত হয়েছে তার তথ্য বিআরটিএ পরিচালনা পরিষদের ৭ম সভায় উপস্থাপন করতে হবে।

৩। এমতাবস্থায়, “মেট্রোপলিটন, জেলা ও উপজেলা সড়ক নিরাপত্তা কমিটির” কার্যক্রম জোরদারকরণসহ নিয়মিত কমিটির সভা আহ্বান এবং বিগত ২০২৩ সালে মেট্রোপলিটন, জেলা ও উপজেলায় কতটি সড়ক নিরাপত্তা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে তার বিস্তারিত তথ্য (সংযুক্ত ‘ছক’ অনুযায়ী) আগামী ০৩(তিন) কর্মদিবসের মধ্যে বিআরটিএ'র বিভাগীয় অফিস কর্তৃক সমন্বয়পূর্বক এ অর্থটিতে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ‘ছক’ ০১(এক) পাতা



(শেখ মোহাম্মদ মাহবুব-ই-রস্বানী)
পরিচালক(রোড সেফটি)
ফোন: ৫৫০৪০৭১৮

বিস্তরণ জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়:

- (১) বিভাগীয় পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ,.....(সকল বিভাগ)।
- (২) উপপরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ,.....(সকল বিভাগ/মেট্রো সার্কেল)।
- (৩) সহকারি পরিচালক(ইঞ্জিঃ), বিআরটিএ,(সকল সার্কেল)।

অনুলিপি:

- (১) পরিচালক(অডিট ও আইন), বিআরটিএ সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা।
- (২) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা।

সড়ক নিরাপত্তা কমিটির সভার তথ্য প্রেরণ সংক্রান্ত “ছক”

বিভাগ/জেলার নাম.....

| ক্রমিক নং | মেয়োপলিটন/জেলার নাম | সড়ক নিরাপত্তা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ার তারিখ | সভা সংখ্যা | ক্রমিক নং | উপজেলার নাম | উপজেলা সড়ক নিরাপত্তা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ার তারিখ | সভা সংখ্যা | মন্তব্য |
|--------------|-------------------------|--|---------------|--------------|-------------|--|---------------|---------|
| | | | | | | | | |
| | | | | | | | | |

